আমার সামনে থেকে তোমার এই পর্দা সরিয়ে নাও, কারণ সালাত আদায়ের সময় এর ছবিগুলো আমার সামনে ভেসে ওঠে।

আনাস ইবন মালেক রাদয়িাল্লাহু ‘আনহু হতে বর্ণিত, ‘আয়িশাহ রাদিয়াল্লাহু আনহার-এর নিকট একটা বিচিত্র রঙের পাতলা পর্দার কাপড় ছিল। তিনি তা ঘরের এক দিকে পর্দা হিসেবে
ব্যবহার করছিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “আমার সামনে থেকে
তোমার এই পর্দা সরিয়ে নাও, কারণ সালাত আদায়ের সময় এর ছবিগুলো আমার সামনে ভেসে
ওঠে”।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

আয়েশা রাদিয়াল্লাহু আনহার কারুকার্য ও বিভিন্ন রং বিশিষ্ট একটি পাতলা চাদর ছিল যা দিয়ে সে তার কামরার ফাঁকা ডেকে রাখত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে সরানোর নির্দেশ দিলেন। তিনি তার কারণটি স্পষ্ট করলেন যে, তার কারুকার্য ও রংগুলো সালাতে তার চোখের সামনে ভেসে উঠতে থাকে। তাই তিনি আশঙ্কা করেন যে, সালাতে পরিপূর্ণ মনোযোগী হওয়া, যিকির ও তিলাওয়াতে চিন্তা করা এবং সালাতের উদ্দেশ্য আল্লাহর আনুগত্য করা ও বিনয়ী হওয়া থেকে তা তাকে ফিরিয়ে রাখবে।

http://sunnah.global/hadeeth/bn/show/10881